শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ রংপুর

বিজ্ঞপ্তি নম্বর...৭৯৯...   তারিখ...২৭/১২/১৬...

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমকম/এমএসসি/ আইসিটি শেষপর্ব অনিয়মিত ও মানোন্নয়ন **(পুরাতন সিলেবাস)** পরীক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, www.nubd.info/mf হতে আবেদন ফরম ডাউনলোড করে নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক তারিখ অনুযায়ী কলেজ জনতা ব্যাংক বুথে (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) প্রয়োজনীয় ফি জমা দিয়ে বিশ্ববিদ্যালয়ের শর্ত অনুযায়ী ফরম পূরণ করে স্ব স্ব বিভাগে জমা দেয়ার বলা হলো। ফরমপূরণের নিয়মাবলী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট/ কলেজ ওয়েবসাইট (www.ccr.gov.bd) ও কলেজ নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

ক্রঃ	ব্যাংকে টাকা জমা দেয়ার তারিখ	বিষয়	ফরম জমা নেয়ার সময়সূচি
১	০২ জানুয়ারি ২০১৭ খ্রি. **সোমবার**	ব্যবস্থাপনা / পদার্থবিজ্ঞান	সকাল ১০.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত
২	০৪ জানুয়ারি ২০১৭ খ্রি. **বুধবার**	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ রসায়ন	ঐ
৩	০৫ জানুয়ারি ২০১৭ খ্রি. **বৃহস্পতিবার**	হিসাববিজ্ঞান / ইংরেজি/ বাংলা	ঐ
৪	০৮ জানুয়ারি ২০১৭ খ্রি. **রবিবার**	দর্শন / উদ্ভিদবিজ্ঞান/ রাষ্ট্রবিজ্ঞান/ অর্থনীতি/ গণিত আরবী ও ইসলামী শিক্ষা/ / প্রাণিবিদ্যা/ ইতিহাস	ঐ

১। তত্ত্বীয় পূর্ণপত্র	২৫০/-	পরীক্ষার ফি	৯। সাময়িক সনদ ফি (প্রতি পরীক্ষার্থী)	৩০০/-
২। তত্ত্বীয় অর্ধপত্র	১৫০/-		১০। নম্বর পত্র ফি (প্রতি পরীক্ষার্থী)	৩০০/-
৩। ব্যবহারিক পরীক্ষা ফি	২৫০/-		১১। বিশেষ অন্তর্ভূক্তি ফি (মানোন্নয়ন ও অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য অন্যান্য ফি এর অতিরিক্ত)	৩০০/-
৪। মৌখিক পরীক্ষা ফি	২৫০/-		১২। শুধুমাত্র মৌখিক/ ব্যবহারিক/টিউটোরিয়াল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ক্ষেত্রে	১০০০/-
৫। আইসিটি (প্রযোজ্য ক্ষেত্রে)	৭০০/-		১৩। ব্যবস্থাপনা ফি	৫০/-
৬। কেন্দ্র ফি	৪৫০/-		১৪। মৌখিক পরীক্ষার ফি (পরিপত্র অনুযায়ী)	৭৫/-
৭। ব্যবহারিক কেন্দ্র ফি	১২০/-		১৫। বিবিধ (প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য)	১০০/-
৮। টিউটোরিয়া ফি (বিশ্ববিদ্যালয় ১০০/- + কলেজ ১৫০/-)	২৫০/-			

। <u>পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী</u> ঃ

ক) ২০১৪ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত (অনিয়মিত ও মানোন্নয়ন) শিক্ষার্থী।

খ) *শুধু ২০১৩ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম/ থিসিস/ মনোগ্রাফ পরীক্ষায় উত্তীর্ণ (৪০% বা বেশী নম্বর) হয়েছে কিন্তু তত্ত্বীয় পত্রে গড়ে ৩৬% নম্বর না পাওয়ায় অকৃতকার্য হয়েছে তারা তত্ত্বীয় যে সব পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু সে সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে। এ ক্ষেত্রে উক্ত পরীক্ষার্থীদের ৪৫% এর বেশী পাওয়া তত্ত্বীয় পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ক্ষেত্রে ২০১৩ এবং ২০১৪ সালের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মধ্যে যেটি বেশী সে নম্বর গ্রহণ করে ফলাফল প্রকাশ করা হবে। ২০১২ সালের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। এ বিষয়ে কারও কোন প্রশ্ন থাকলে ফরম পূরণের পূর্বেই জেনে নিতে হবে।*

গ) **(i)** ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত এবং ২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত (প্রাইভেট) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহণ করেনি তারাও ২০১৪ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) ২০১১-২০১২ শিক্ষাবর্ষে নিবন্ধিত এবং ২০১২ শিক্ষাবর্ষে নিবন্ধিত (প্রাইভেট) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহণ করেনি অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে অথবা আংশিক পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা ২০১৪ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **<u>তবে, শর্ত থাকে যে, উক্ত পরীক্ষার্থীকে সকল পত্রেই অংশগ্রহণ করতে হবে।</u>**

(iii) অকৃতকার্য পরীক্ষার্থীদের মৌখিক/ব্যবহারিক/টিউটোরিয়াল/মাঠকর্ম/মনোগ্রাফ পরীক্ষায় পূর্ববর্তী বছরের প্রাপ্ত নম্বর বহাল থাকবে।

ঘ) *যে সকল পরীক্ষার্থী শুধু ২০১৩ সালের পরীক্ষায় তত্ত্বীয় পত্রে গড়ে ৩৬% নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে কিন্তু মৌখিক/ব্যবহারিক/টিউটোরিয়াল/মাঠকর্ম/ থিসিস/মনোগ্রাফ পরীক্ষায় ৪০% এর কম নম্বর পেয়ে অকৃতকার্য হয়েছে ঐ সকল পরীক্ষার্থী ২০১৪ সালে (অকৃতকার্য পত্রের) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ২০১৩ সালের তত্ত্বীয় ও অন্যান্য পত্রে প্রাপ্ত নম্বর বহাল থাকবে। একাধিক পত্রে (তত্ত্বীয়, টিউটোরিয়াল, ব্যবহারিক ও মৌখিক) অকৃতকার্য পরীক্ষার্থীকে সকল পত্রের (তত্ত্বীয়, টিউটোরিয়াল, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।*

২০১৪ সালের ICT সহ এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি/এম মিউজ শেষ পর্ব **(অনিয়মিত ও মানোন্নয়ন)** পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ২০০৫-২০০৬ শিক্ষাবর্ষে প্রণীত (পুরাতন) সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

<u>মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী</u> ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শুধু ২০১৩ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় তৃতীয় শ্রেণী প্রাপ্ত ছাত্র/ছাত্রীগণ নিম্নে উল্লিখিত শর্তে ২০১৪ সালের মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে-

ক) তৃতীয় শ্রেণী প্রাপ্ত একজন ছাত্র/ছাত্রী শুধু পরবর্তী বছর তত্ত্বীয় পরীক্ষায় সংশ্লিষ্ট বছরের জন্য প্রযোজ্য সিলেবাসের আওতায় মাত্র একবার মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে কর্মরত কলেজ শিক্ষকদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমতি সাপেক্ষে পরীক্ষা পাশের ০৩ (তিন) বছরের মধ্যে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে কেবলমাত্র ৪৫% এর কম নম্বর প্রাপ্ত সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) **<u>মানোন্নয়নের ক্ষেত্রে পরীক্ষার্থীদের টিউটোরিয়াল/মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস/মনোগ্রাফ পরীক্ষায় তার পূর্বে প্রাপ্ত নম্বর বহাল থাকবে।</u>**

গ) মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করে পরীক্ষার্থীর পাশের শ্রেণী উন্নীত হলে তার পূর্বে প্রাপ্ত তৃতীয় শ্রেণী ডিগ্রি প্রত্যাহার করা হবে। দ্বিতীয় বা প্রথম শ্রেণীতে উন্নীত না হলে তার পূর্বে প্রাপ্ত শ্রেণী বহাল থাকবে। এক্ষেত্রে শ্রেণী উন্নয়ন না হয়ে প্রাপ্ত নম্বরের উন্নয়ন হলে আবেদন সাপেক্ষে পূর্বে গৃহীত নম্বর ও সনদপত্র জমা দিয়ে নতুন নম্বর ও সনদপত্র গ্রহণ করতে পারবে।

আবেদন ফরমের সাথে সদ্যতোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ রংপুর

~~স্মারক~~ নম্বর......৭৯১......

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১। উপাধ্যক্ষ, এই কলেজ
২। সকল বিভাগীয় প্রধান, এই কলেজ
৩। আহবায়ক, মাস্টার্স শেষপর্ব পরীক্ষা কমিটি , এই কলেজ
৪। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার রংপুর, বিজ্ঞপ্তিটি স্থায়ী সংবাদে পরপর ০৩ (তিন) দিন প্রচার করার জন্য অনুরোধ জানানো হলো ।
৫। ম্যানেজার, জনতা ব্যাংক, লালবাগ বাজার শাখা, রংপুর
৬। গ্রন্থাগারিক, এই কলেজ
৭। প্রধান সহকারী/হিসাবরক্ষক/ ক্যাশিয়ার, এই কলেজ
৮। সংরক্ষণ নথি ।

২৭/১২/১৬

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ রংপুর
(প্রফেসর ড. মোঃ আব্দুল লতিফ মিয়া-৫১৭৫)
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর